

2023/TDC(CBCS)/ODD/SEM/
BNGHCC-303T/360

TDC (CBCS) Odd Semester Exam., 2023

BENGALI
(Honours)

(3rd Semester)

Course No. : BNGHCC-303T

(বাংলা আত্মকথা ও প্রবন্ধ)

পূর্ণমান : ৭০

উত্তীর্ণমান : ২৮

সময় : ৩ ঘণ্টা

পাঠ্যসূত্র সংখ্যা পূর্ণমান নির্দেশক

SECTION—A

প্রতিটি ইউনিট থেকে যে কোনো দুটি প্রশ্ন নিয়ে দশটি প্রশ্নের উত্তর দাও :

২×১০=২০

UNIT—I

- ১। বাংলা সাহিত্যের প্রথম প্রকাশিত আত্মজীবনী কোনটি?
আত্মজীবনীটি কখন প্রকাশিত হয়?
- ২। রাসসুন্দরী দাসীর জন্ম কোথায় হয়েছিল? তাঁর পিতার নাম কী?
- ৩। কী কারণে রাসসুন্দরী লেখাপড়া শিখতে উদ্যোগী হয়েছিলেন?

(2)

UNIT—II

- ৪। ‘আপন কথা’ কী ধরনের গ্রন্থ? ‘আপন কথা’র লেখক কে?
- ৫। ছোটবেলায় কালোজামের বিচি পেটে গেলে ‘আপন কথা’র লেখকের মনে কী অদ্ভুত ভাবনা কাজ করত?
- ৬। পদ্মদাসীর পরিচয় দাও।

UNIT—III

- ৭। প্রমথ চৌধুরীর ছদ্মনাম কী ছিল? তাঁর সম্পাদিত পত্রিকাটির নাম কী?
- ৮। “আমার বিশ্বাস শিক্ষা কেউ কাউকে দিতে পারে না। সুশিক্ষিত লোক মাত্রই স্বশিক্ষিত।” উক্তিটি কোন্ প্রবন্ধের অন্তর্গত? প্রবন্ধটি কত খ্রিস্টাব্দে প্রকাশিত হয়েছিল?
- ৯। টীকা লেখো : ভারতচন্দ্র

UNIT—IV

- ১০। কবি মধুসূদন দত্ত রচিত মহাকাব্যের নাম কী? মহাকাব্যটি কোন্ ছন্দে রচিত হয়েছে?
- ১১। ‘সংস্কৃতির স্বরূপ’ প্রবন্ধে উল্লিখিত সংস্কৃতির রসসিঞ্চনের ‘ত্রিধারা’র নাম লেখো।
- ১২। টীকা লেখো :
‘বাইবেল’ অথবা ‘বীঠোফেন’

24J/359

(Continued)

(3)

UNIT—V

- ১৩। ‘অবরোধবাসিনী’ গ্রন্থের প্রবন্ধগুলো ধারাবাহিকভাবে কোন্ পত্রিকায় প্রকাশিত হয়েছিল? এই গ্রন্থটি কত সালে প্রকাশ্যে প্রকাশিত হয়?
- ১৪। রোকেশ্যার জন্মসাল ও মৃত্যুসাল উল্লেখ করো।
- ১৫। রোকেশ্যা রচিত উপন্যাসের নাম কী? তিনি কী চাকরী করতেন?

SECTION—B

প্রতিটি ইউনিট থেকে যে কোনো একটি প্রশ্ন নিয়ে পাঁচটি প্রশ্নের উত্তর দাও: ১০×৫=৫০

UNIT—I

- ১৬। রাসসুন্দরী দাসীর ‘আমার জীবন’ গ্রন্থে সে সময়ের সমাজ-জীবনের যে ঐতিহাসিক পরিচয় বর্ণিত হয়েছে তা আলোচনা করো।
- ১৭। আত্মজীবনী হিসেবে রাসসুন্দরী দাসীর ‘আমার জীবন’ গ্রন্থটির সার্থকতা বিচার করো।

UNIT—II

- ১৮। “আমাদের চোখ যাহা দেখে, আর মন যাহা দেখে এই দুটোর মধ্যে অনেক প্রভেদ। শিল্পীর মন তাঁহার ইন্দ্রিয়লব্ধ তথ্যগুলিকে একটা স্পষ্ট বা অস্পষ্ট আদর্শের অনুযায়ী করিয়া গড়িয়া লয়।” বিশিষ্ট সমালোচকের এই মন্তব্যের আলোকে ‘আপন কথা’ গ্রন্থের শিল্পসৃষ্টির মৌলিকতা বিশ্লেষণ করো।
- ১৯। ‘আপন কথা’ গ্রন্থের ‘সাইক্লোন’ অধ্যায়টির মূল বক্তব্য আলোচনা করো।

24J/359

(Turn Over)

UNIT—III

- ২০। 'বই পড়া' প্রবন্ধে প্রমথ চৌধুরী আমাদের দেশের শিক্ষা ব্যবস্থা সম্বন্ধে যে অভিমত ব্যক্ত করেছেন তা বিশ্লেষণ করো।
- ২১। "সাহিত্যে মানবাত্মা খেলা করে এবং সেই খেলার আনন্দ উপভোগ করে।" 'প্রবন্ধ সংগ্রহ' গ্রন্থের 'সাহিত্যে খেলা' পাঠ অবলম্বনে সাহিত্যের উদ্দেশ্য সম্বন্ধে লেখকের মতাদর্শ আলোচনা করো।

UNIT—IV

- ২২। 'শিল্পকলার কথা' প্রবন্ধ অবলম্বনে আর্টের সংজ্ঞা, স্বরূপ ও উপকরণ নিয়ে আলোচনা করো।
- ২৩। 'বই কেনা' প্রবন্ধে লেখক সৈয়দ মুজতবা আলী বইপড়া ও বই কেনা সম্বন্ধে তাঁর আত্মোপলব্ধির প্রকাশ ঘটিয়েছেন। অভিমতটি বিশ্লেষণ করো।

UNIT—V

- ২৪। 'অবরোধবাসিনী' গ্রন্থে বেগম রোকেয়া অবরোধের নিষ্পেষণে নারীকে অবদমিত করার যে চিরাচরিত প্রথা, সে বিষয়ে আলোকপাত করেছেন। গ্রন্থ অবলম্বনে বিষয়টি আলোচনা করো।
- ২৫। "বেগম রোকেয়ার 'অবরোধবাসিনী' গ্রন্থটি আসলে নক্সাধর্মী রচনা।" বিশ্লেষণ করো।
